


দর্শিল সাফারি।  
আমির খানের ‘তারে  
জমিন পর’-এর  
ঈশান। কলকাতায়  
এসেছিলেন নাটক  
করতে। কথা বললেন  
**শতরূপা বসু**

‘তারে জমিন পর’-এর ছেট  
ঈশানকে মনে আছে তো? অবশ্য  
কে-ই বা ভুলতে পারে তাকে?  
দর্শিল সাফারি তখন ছিল ১০।  
আজ তিনি বাকবাকে ২১ বছরের  
তরফ। ‘ড্যু নিউটাউন স্কুল’-এ তাঁর  
দ্বিতীয় থিয়েটার, ‘টু অ্যাডোরেবল  
লুজার্স’-এ তাঁর অভিনয় হল-ফটা  
করতালির সামনে পড়ছিল বার  
বার।

এই ‘তারে জমিন পর’-ই  
তাঁকে উপলক্ষ্মি করিয়েছিল তাঁর  
সত্যিকারের প্যাশন কী —  
অভিনয়। তারপর প্রিয়দর্শনের  
‘বম বম বোলে’, ডিজনির একটা  
সুপারহিরো ছবি ‘জকোমন’  
এবং দীপা মেহতার ‘মিডাইটস  
চিলড্রেন’। ‘আমি এখন ২১।  
বলতে পারেন লার্নিং প্রসেসের  
মধ্যে আছি। এর মাঝেই থিয়েটার  
করছি। তবে পরবর্তীকালে আমি  
যে কোনও উপায়েই অভিনয়ের  
সঙ্গে ঘুর্ণ থাকতে চাই। সে  
থিয়েটার হোক বা সিনেমা’,  
বলছেন দর্শিল।

এখনও ‘মেন্টর’ আমির  
খানের সঙ্গে যোগাযোগ আছে?  
‘যোগাযোগ থাকার চেয়েও আসল  
কথা হল ওঁর গাইডেন্স। তবে  
আজ পর্যন্ত যা কিছু করেছি —  
সিনেমা বা থিয়েটার — ওঁকে  
জানিয়ে করেছি। ‘তারে জমিন  
পর’ তো পুরোটাই ওঁর গাইডেন্সে  
করেছি,’ বলছেন দর্শিল।

এই মুহূর্তে মাস মিডিয়াতে  
স্নাতক হয়েছেন। অতত দুটো করে  
সিনেমা তাঁর রোজ দেখা চাই।  
প্রথম ছবির জন্য প্রচুর পুরস্কার  
এবং ফশ পেয়েছিলেন। কখনও  
কি ভয় পান এগলো যদি হারিয়ে  
যায়? ‘সত্যি বলতে যেটাতে ভয়  
লাগে সেটা হল আমি কতটা  
ডেলিভার করতে পারব আমার  
পরের কাজে। ‘তারে জমিন পর’  
১১ বছর আগে করেছিলাম।



# মানুষের মনে আজও ঈশান

**‘আজ পর্যন্ত যা কিছু  
করেছি — সিনেমা বা  
থিয়েটার — আমির  
খানকে জানিয়েই  
করেছি। ‘তারে জমিন  
পর’ তো পুরোটাই ওঁর  
গাইডেন্সে করেছি।  
একটা সাংঘাতিক  
মেমরেবল ছবি’**

লোকে এখনও আমাকে মনে  
রেখেছে ঈশান বলে। এরপর যদি  
আমি আরও ১০০টা ছবি করি  
কিন্তু লোকে যদি আমাকে ঈশান  
বলেই মনে রাখেন তাতে আমার  
কোনও আপত্তি নেই। কারণ ওটা  
একটা সাংঘাতিক মেমরেবল ছবি,

বলছেন দর্শিল।  
তাঁর বয়সি তরুণদের তিনি  
একটা কথা বলতে চান।  
‘তোমরা সবাই মজা করবে।  
অনেকে আবার বলেন আমি  
আর পড়াশোনা করব না। সেই  
স্বাধীনতায় কোনও সমস্যা নেই।  
কিন্তু বলব থ্রাজুয়েশন শেষ কর।  
কেউ এর চেয়ে বেশি কিছু চায়  
না। তারপর নিজের প্যাশনের  
পিছনে সময় দাও। অনেক মা-বাবা  
হয়তো ছেলে নাচ ভালোবাসে  
শুনে তেড়ে ওঠেন। তাদের বলি,  
বোঝাও কেন তোমার নাচ ভালো  
লাগে? কী করতে পার তুমি সেটা  
নিয়ে? ওঁদের সাপোর্ট নিয়ে কতটা  
নিজেকে সফল করতে পার?  
সঠিক ঘুর্ণি দিয়ে বোঝালে আমি  
গ্যারান্টি দিছি বাবা-মা নিচ্যাই  
বুবাবেন,’ বলছেন দর্শিল।

ছবি: সান্দ্রিক পাল